



## বঙ্গবন্ধু মেরিটাইম ভূমি উন্নয়ন কাজ উদ্বোধন

প্রকাশিত: ২২ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস || চট্টগ্রামের কর্ণফুলী নদীর তীরে হামিদচর এলাকায় ১০৬ একর জায়গার ওপর প্রতিষ্ঠিত হচ্ছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাস। ২০২১ সালের মধ্যে সম্পন্ন হবে বিশ্ববিদ্যালয়টির প্রথম পর্যায়ের কাজ। রবিবার চট্টগ্রামে হোটেল রেডিসন রুতে উদ্বোধন করা হয় মেরিটাইম ইউনিভার্সিটির ভূমি উন্নয়ন কার্যক্রম। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্ট মহিবুল হাসান চৌধুরী।

শিক্ষা উপমন্ত্রী বলেন, আমাদের দেশে মেধার অভাব নেই। কিন্তু যেভাবে আমরা এগিয়ে যাচ্ছি সে তুলনায় আমাদের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলো আন্তর্জাতিক স্বীকৃতি পাচ্ছে না। এক্ষেত্রে তিনি শৃঙ্খলার অভাব রয়েছে বলে মনে করেন। তবে দেশের প্রথম মেরিটাইম বিশ্ববিদ্যালয় পরিচালনার সঙ্গে নৌবাহিনী যুক্ত থাকায় শৃঙ্খলার অভাব পূরণ হবে বলে আশা প্রকাশ করেন।

শিক্ষা উপমন্ত্রী শৃঙ্খলার ওপর জোর দিয়ে বলেন, উচ্চ শিক্ষার ক্ষেত্রে একটি বড় চ্যালেঞ্জ ডিস্প্লিনের অভাব। যে কোন পরিকল্পনা বাস্তবায়ন, পরিচালনাসহ সর্বক্ষেত্রে এ চ্যালেঞ্জ রয়েছে। এ থেকে উত্তোলণ প্রয়োজন। রবিবার দুপুরে হোটেল রেডিসন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্থায়ী ক্যাম্পাস নির্মাণ কাজের উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চট্টগ্রামে সন্দীপের সংসদ সদস্য মাহফুজুর রহমান মিতা, চন্দনাইশ আসনের সংসদ সদস্য নজরুল ইসলাম, বাঁশখালীর সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান জহিরুল আলম দোভাষ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর শিরীণ আখতার ও বাংলাদেশ নৌবাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাৰূপ।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল জানান, এ বিশ্ববিদ্যালয় বাংলাদেশের ৩৭তম পাবলিক বিশ্ববিদ্যালয়। একইসঙ্গে এটি দক্ষিণ এশিয়ার তৃতীয় এবং বিশ্বের ১২তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে আন্তর্প্রকাশ করতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের সাতটি অনুষদের অধীনে বিভাগ হবে ৩৭টি। ২০২১ সালের ডিসেম্বর মাসের মধ্যে প্রথম পর্যায়ের কাজ শেষ করা হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃপক্ষের জনক শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনক লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনক ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ এলাকা, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com